

## আইইউবিএটির ৭ম সমাবর্তন অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক

২৫ জুলাই ২০২৩ ০৬:৩৫ পিএম | আপডেট: ২৫

জুলাই ২০২৩ ০৬:৩৫ পিএম



আইইউবিএটির ৭ম সমাবর্তন অনুষ্ঠিত। ছবি: সংগৃহীত

advertisement..

ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব বিজনেস এগ্রিকালচার অ্যান্ড টেকনোলজির (আইইউবিএটি) ৭ম সমাবর্তন অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার বঙ্গবন্ধু বাংলাদেশ-চায়না ফ্রেন্ডশিপ এক্স্রিভিশন সেন্টারে এই সমাবর্তন অনুষ্ঠিত হয়।

সমাবর্তনে প্রায় দুই হাজার পাচ শত স্নাতক ও স্নাতকোত্তর শিক্ষার্থীকে ডিগ্রি প্রদান করা হয়। কৃতিত্বপূর্ণ ফলাফল অর্জনকারী ৩ জন স্নাতক ও স্নাতকোত্তর শিক্ষার্থীদের আইইউবিএটির প্রতিষ্ঠাতা মিয়ান স্বর্ণপদক প্রদান করা হয়। সমাবর্তনে কৃষি, ব্যবসায়, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক, সিভিল, কম্পিউটার, মেকানিক্যাল, ইকনোমিক্স, ট্যুরিজম এন্ড হসপিটালিটি এবং নার্সিং বিষয়ে ডিগ্রি প্রদান করা হয়।

## advertisement

বিশ্ববিদ্যালয়ের আচার্য রাষ্ট্রপতি মোহাম্মদ সাহাবুদ্দিনের প্রতিনিধি হিসেবে সমাবর্তনে সভাপতিত্ব করেন শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী নওফেল। সমাবর্তনে মূল বক্তা হিসেবে উপস্থিত ছিলেন জর্জিয়ার ককেশাস বিশ্ববিদ্যালয়ের প্রেসিডেন্ট এবং ইন্টারন্যাশনাল অ্যাসোসিয়েশন অফ ইউনিভার্সিটি প্রেসিডেন্টসের বোর্ড চেয়ারম্যান অধ্যাপক ড. কথা শেঞ্জেলিয়া।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন বাংলাদেশ কোরিয়ার দূতাবাসের ফাস্ট সেক্রেটারি ড. ইয়ংমিন সিও। অনুষ্ঠানে বক্তব্য দেন আইইউবিএটির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান জুবের আলিম। স্বাগত বক্তব্য দেন আইইউবিএটির উপাচার্য অধ্যাপক ড. আব্দুর রব এবং কৃতজ্ঞতা জ্ঞাপন করে বক্তব্য দেন কোষাধ্যক্ষ অধ্যাপক সেলিনা নার্গিস।